# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ

প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ অর্থ বিভাগের সকল প্রশাসনিক দায়িত্ব, অর্থ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তরের অস্থায়ী পদ সংরক্ষণ এবং অস্থায়ী পদকে স্থায়ী পদে রূপান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাদি এবং অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগের মধ্যে যথাযথ সমন্বয় সাধন করে থাকে। ২০২০-২১ অর্থবছরে প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের উল্লেখযোগ্য সম্পাদিত কার্যাবলী নিম্নে দেওয়া হলোঃ

- মন্ত্রিপরিষদ বৈঠকের অর্থ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে;
- অর্থ বিভাগ ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের মাসিক কর্মকান্ডের ও বার্ষিক কর্মকান্ডের প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে;
- প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত সাধারণ আদেশ/সার্কুলার/বিজ্ঞপ্তিসমূহ পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে;
- মাননীয় অর্থমন্ত্রীর ২০২০-২১ অর্থবছরের স্বেচ্ছাধীন তহবিল থেকে ১০ লক্ষ টাকা বিভিন্ন ব্যক্তির অনুকূলে মঞ্জুরি আদেশ জারি করা হয়েছে;
- ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রণয়ন ও ঘোষণার জন্য প্রাক বাজেট সভা অনুষ্ঠানসহ সকল প্রকার লজিষ্টিক সাপোর্ট প্রদান করা হয়েছে;
- অর্থ বিভাগ ও এর অধীনস্থ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের স্থায়ী/অস্থায়ী প্রবেশপত্র জারী ও নবায়নের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে;
- জাতীয় সংসদের ‘অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি’র বৈঠক সম্পর্কিত কার্যক্রমের উপর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- অর্থ বিভাগ সম্পর্কিত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর প্রশ্নোত্তর প্রধানমন্ত্রীর কার্যালয় ও জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়েছে;
- তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী বিভিন্ন আবেদনপত্রের চাহিত তথ্য সরবরাহ করা হয়েছে;
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার কর্মকর্তাদের গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩, গ্রেড-৪, গ্রেড-৫ ও গ্রেড-৬ পদে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স এর কার্যালয়, রেলওয়ে হিসাব বিভাগ এবং অধীনস্থ দপ্তরসমূহে নন-ক্যাডার গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীদের জন্য একীভূত নিয়োগবিধি প্রণয়ন সংক্রান্ত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ;
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের উচ্চ শিক্ষার নিমিত্ত প্রেষণ/শিক্ষা ছুটি মঞ্জুর;
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয় এবং এর অধীনস্ত দপ্তরসমূহে অডিটর পদে ৩০৯টি এবং সিনিয়র একাউন্টস ক্লার্কের ১৪টি পদে নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান;
- হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় এবং এর নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহে ১৪ ক্যাটাগরির ১৯০১টি পদের নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান;
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের কর্মকর্তাদের অফিস এবং আবাসিক টেলিফোনের মঞ্জুরী প্রদান;
- মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারীর পরিবারকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত প্রস্তাবের সুপারিশ প্রদান;
- প্রধানমন্ত্রীর কল্যাণ ও ত্রাণ তহবিল হতে আর্থিক সাহায্য প্রদান সংক্রান্ত প্রস্তাবের সুপারিশ প্রদান;
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান;

- মহামান্য আদালতের রায়ের আলোকে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদান;
- বিভাগীয় মামলার আলোকে চাকরি হতে বরখাস্ত এবং শাস্তি;
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের কর্মকর্তাদের বিভিন্ন অপরাধের বিভাগীয় মামলা রজু;
- রিট মামলার রায়ের আলোকে বেতন-ভাতা প্রাপ্তি সংক্রান্ত মঞ্জুরী জ্ঞাপন;
- বাংলাদেশ সিভিল সার্ভিস (অডিট এন্ড একাউন্টস) কম্পোজিশন এন্ড ক্যাডার রুলস ১৯৮০ এর সিডিউল (রুল-৪) সংশোধন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ;
- বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার কর্মকর্তাদের চাকরির ধারাবাহিকতা রক্ষাসহ চাকরিকাল গণনা সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ;
- ডিভিশনাল কন্ট্রোলার অফ একাউন্টস (ডিসিএ) অফিস সমূহের অফিস ভাড়া নির্ধারণ/পুন:নির্ধারণ;
- বাংলাদেশের দূতাবাসের বাণিজ্যিক উইং (ক্যানবরা/ফ্রান্স/সিঙ্গাপুর/যুক্তরাজ্য/জেদ্দা) এ কামার্শিয়াল কাউন্সিলর পদে আবেদন অগ্রায়ণ;
- বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের অস্থায়ীভাবে সৃষ্ট ১৯৪টি পদ স্থায়ীকরণ;
- পটুয়াখালী জেলার নবগঠিত রাঙ্গাবালী উপজেলায় 'উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় ও পদ সৃষ্টি।
- মাননীয় অর্থমন্ত্রী/অর্থ বিভাগের সিনিয়র সচিবসহ অর্থ বিভাগের সকল ১ম শ্রেণীর কর্মকর্তাদের সরকারি গুরুত্বপূর্ণ কাজে বিদেশ ভ্রমণের প্রশাসনিক অনুমোদন ও এ সংক্রান্ত সরকারি আদেশ জারির কার্যক্রম গ্রহণ।
- মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তরসহ বিভিন্ন প্রতিষ্ঠানের বিভাগীয় পদোন্নতি ও নির্বাচন কমিটি (ডিপিসি), পরিচালনা পর্ষদ/বোর্ডে প্রতিনিধি মনোনয়নসহ সরকারের গুরুত্বপূর্ণ সভা/কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি মনোনয়ন।
- অর্থ বিভাগ হতে পিআরএল এ গমণকারী ১ম শ্রেণীর কর্মকর্তাদের অবসরজনিত পেনশন এবং পেনশনারের মৃত্যুর পর পারিবারিক পেনশন সংক্রান্ত কার্যাদি সম্পাদন।
- অর্থ বিভাগের ১ম শ্রেণীর কর্মকর্তাদের বদলি, পদায়ন, অবমুক্তি, শ্রান্তি-বিনোদন ছুটি, অর্জিত ছুটি এবং বহিঃবাংলাদেশ ছুটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে যথাসময়ে অনুমোদন।
- অর্থ বিভাগের ২য় শ্রেণীর কর্মচারীদের সরাসরি নিয়োগ/পদোন্নতি জন্য বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ে সুপারিশ প্রদান করার জন্য পত্র প্রেরণ;
- অর্থ বিভাগের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে বহি বাংলাদেশ ছুটি, অর্জিত ছুটি, মাতৃকালীন ছুটি, শ্রান্তি বিনোদন ছুটিসহ অন্যান্য ছুটির মঞ্জুরি আদেশ জারী;
- অর্থ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;
- অর্থ বিভাগের কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং কল্যাণ তহবিল হতে আর্থিক সাহায্যের বিষয়টি প্রক্রিয়াকরণ;
- অর্থ বিভাগের ২৪ জন ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের চাকরির স্থায়ীকরণের আদেশ জারী করা হয়েছে;
- অর্থ বিভাগের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম ঋণ মঞ্জুরীর আদেশ জারী;
- ০৮ জন ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর অবসর উত্তর ছুটিসহ ১৮ মাসের মূল বেতনের সমপরিমান অর্থ নগদায়ন হিসেবে মঞ্জুর; ০৪ জন কর্মচারীকে চূড়ান্তভাবে অবসর প্রদান এবং ০৪ জন কর্মচারীকে পারিবারিক পেনশন প্রদান করা হয়েছে;
- ২০২০-২১ আর্থিক বছরে অর্থ বিভাগে কর্মরত উপসচিব পর্যায় পর্যন্ত ৬৮৬ জন কর্মচারীকে বাজেট সম্মানী প্রদানের বিষয়টি প্রক্রিয়াকরণ ও মঞ্জুরী আদেশ জারী;
- গৃহ নির্মাণ/মেরামত ঋণ বাবদ ১৩ জন, মোটর গাড়ির অগ্রিম ঋণ বাবদ ০৩ জন মোটর সাইকেল অগ্রিম ঋণ বাবদ ০৭ জন এবং কম্পিউটার ঋণ অগ্রিম বাবদ ০৩ জন কর্মকর্তা/কর্মচারীকে অগ্রিম ঋণ মঞ্জুরী;
- ১৮ জন কর্মচারীকে প্রাপ্যতা অনুসারে এ,বি,সি শ্রেণীর সরকারী বাসা খালি/বদলী সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ সচিবালয়ে নির্মাণাধীন ২০ তলা বিশিষ্ট ১১ নং ভবনের যাবতীয় পূর্ত ও বৈদ্যুতিক কার্যাবলি সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম সম্পাদন;

- বৈশিক করোনা মহামারি সংক্রমণ হতে রক্ষা পেতে অর্থ বিভাগের বিভিন্ন শাখা/দপ্তরে জীবানুনাশক স্প্রে সরবরাহ এবং কর্মকর্তাগণের ব্যবহারের জন্য হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, হেক্সিসল ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয় সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্নকরণ;
- করোনা প্রাদুর্ভাবের কারণে সামাজিক দূরত্ব বজায় রাখতে কর্মকর্তাদের জুম মিটিং-এ ব্যবহারের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- নতুন ১১ নং ভবনের ২০ তলা পর্যন্ত Network Switch ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় ও স্থাপন সংক্রান্ত কার্যাদি সম্পাদন;
- অর্থ বিভাগের জন্য ৭০ টি কম্পিউটার এবং ২০ টি Low Range Laser Printer সংশ্লিষ্ট যন্ত্রাংশ ক্রয়;
- অর্থ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন মাইক্রোবাস এর রক্ষণাবেক্ষন ও এসব গাড়ীর জ্বালানী বিল পরিশোধ এবং অর্থ বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাদের বিভিন্ন শাখা/দপ্তরে ব্যবহারের জন্য যাবতীয় কম্পিউটার টোনার ও সংশ্লিষ্ট যন্ত্রাংশ সংগ্রহ, ক্রয় ও বিতরণ এবং বিভিন্ন শাখায় ব্যবহারের জন্য যাবতীয় ষ্টেশনারী দ্রব্যাদি সংগ্রহ, ক্রয় ও বিতরণ;
- কর্মকর্তাদের সাঁক্ষনিক ব্যবহৃত গাড়ীর জ্বালানী বিল পরিশোধসহ যাতায়াতকারী কর্মকর্তাদের নিকট থেকে ভাড়া আদায়;
- মাননীয় অর্থ মন্ত্রী/অর্থ সচিব মহোদয় কর্তৃক দেশী/বিদেশী বিভিন্ন পর্যায়ের উর্দ্ধতন কর্মকর্তা/সম্মানিত ব্যক্তিবর্গের সাথে আলোচনা সভা এবং ভোজ সভার আয়োজনসহ অর্থ বিভাগের বিভিন্ন সভায় আপ্যায়ন, রমযান মাসে বাজেট প্রনয়ণের কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের ইফতারির ব্যবস্থা গ্রহণ, বিল পরিশোধ এর ব্যবস্থা ও অন্যান্য আনুষাংগিক কার্যাদি সম্পন্ন করা;
- অর্থ বিভাগের ৪র্থ শ্রেণির কর্মচারীদের জন্য পোষাক-পরিচ্ছদ সরবরাহ এবং এ সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে;
- অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অফিসে ব্যবহারের নিমিত্ত আসবাবপত্র সংগ্রহ, ক্রয়, মেরামত, বিতরণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন;
- অর্থ বিভাগের কর্মকর্তাদের সীল, নামফলক তৈরিকরণ, সরবরাহ ও স্থাপন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা হয়েছে;
- অর্থ বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক টেলিফোন স্থানান্তর, আবাসিক টেলিফোন মঞ্জুরি, স্থানান্তর, বিল পরিশোধ সংক্রান্ত কার্যাবলিসহ দাপ্তরিক কাজের সুবিধার জন্য ইন্টারকম টেলিফোন স্থাপন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন ;
- বাজেট প্রণয়ন ও পেশ সংক্রান্ত সকল প্রকার লজিষ্টিক সাপোর্ট প্রদান এবং বাজেট পেশ উপলক্ষে আপ্যায়ন/সাংবাদিক সম্মেলনের সকল ব্যবস্থা গ্রহণ;
- বিশ্বব্যাংক/আই. এম. এফ. কর্মকর্তাদের প্রটোকলসহ তাদের সম্মানে বিভিন্ন ভোজ সভা আয়োজন;
- ২০২০-২১ অর্থবছরে ৪৬টি প্রশিক্ষণ কর্মসূচির আওতায় মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহ থেকে ৫১৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ১০ম হতে তদুর্ধ্ব গ্রেডের ২৭১ জন কর্মকর্তাকে APA বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ১৫১ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে 'উদ্ভাবন ও সেবা সহজীকরণ' বিষয়ক ০৫ টি সেমিনার/কর্মশালার আয়োজন করা হয়েছে;
- অর্থ বিভাগের হিসাব শাখায় কর্মরত ১৩ জন কর্মকর্তাকে iBASS++ এর ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- অর্থ বিভাগের অধীন আইপিএফ-এ অর্থ বিভাগের ৫০ (পঞ্চাশ) জন কর্মকর্তা/কর্মচারীকে Introduction to Budget Management বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- সচিবালয় (অর্থ বিভাগ), মনিটরিং সেল, টাকশাল ও মুদ্রা, ট্রেজারি প্রতিষ্ঠান, হিসাব মহা নিয়ন্ত্রক ও এর অধীনস্থ দপ্তরসমূহ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের বার্ষিক বাজেট প্রণয়ন/বরাদ্দ প্রদান, অর্থ ছাড়করণ/বিতরণ, বাজেট বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন;
- অর্থ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (NIS), বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (Innovation) প্রণয়ন, বাস্তবায়ন ও সংশ্লিষ্ট প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- অর্থ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (NIS), বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (Innovation) সংশ্লিষ্ট প্রশিক্ষণের সমন্বয় সাধন।



অর্থ সচিব কর্তৃক অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা উন্নয়নে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম



অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা উন্নয়নে অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১



অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা উন্নয়নে অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২